


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারা অধিদপ্তর
৩০/৩ উমেশ দত্ত রোড, বকশি বাজার, ঢাকা-১২১১
www.prison.gov.bd

পত্র নং-৫৮.০৪.০০০০.০২২.০১.০০৬.২০২৪- ৫৪৮

তারিখ: ২২ অগ্রহায়ণ ১৪৩১
২৭ নভেম্বর ২০২৪

বিষয়: কারা কর্মকর্তা ও কর্মচারীদের কারাভ্যন্তরে প্রবেশ ও প্রস্থানের সময় নির্ধারিত রেজিস্ট্রারে গেইট রেজিস্ট্রার অব পার্সন) যথাযথভাবে লিপিবদ্ধকরণ প্রসঙ্গে।

ইদানিং লক্ষ্য করা যাচ্ছে যে, কোনো কোনো কারা কর্মকর্তা ও কর্মচারী কারাভ্যন্তরে প্রবেশ ও প্রস্থানের ক্ষেত্রে নির্ধারিত রেজিস্ট্রারে যথাযথভাবে স্বাক্ষর করেন না। এর ফলে নানাবিধ প্রশাসনিক জটিলতা সৃষ্টি হয়। উক্ত জটিলতা নিরসনের লক্ষ্যে সংশ্লিষ্ট কর্মকর্তা ও কর্মচারীগণকে কারাভ্যন্তরে প্রবেশ করলেই গেইট রেজিস্ট্রার অব পার্সনের নির্ধারিত সকল কলাম যথাযথভাবে পূরণপূর্বক স্বাক্ষর করার জন্য নির্দেশ প্রদান করা হলো। এর ব্যত্যয় পরিলক্ষিত হলে সংশ্লিষ্ট কর্মকর্তা ও কর্মচারীর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।


মোহাম্মদ মোস্তফা কামাল
কর্নেল
অতিরিক্ত কারা মহাপরিদর্শক
পক্ষে-কারা মহাপরিদর্শক
ফোন: ৫৭৩০০২২২ (দপ্তর)
addl.ig@prison.gov.bd

সিনিয়র জেল সুপার/জেল সুপার
সকল কেন্দ্রীয়/জেলা কারাগার।

অনুলিপি কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. কারা উপ-মহাপরিদর্শক, সকল বিভাগ। উক্ত বিষয়ে নিয়মিত তদারকি করার জন্য অনুরোধ করা হলো।
২. সহকারী কারা মহাপরিদর্শক (সকল) কারা অধিদপ্তর, ঢাকা।
৩. ভারপ্রাপ্ত কর্মকর্তা, প্রিজন্স ইন্টেলিজেন্স ইউনিট, কারা অধিদপ্তর, ঢাকা।
৪. ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, কারা অধিদপ্তর, ঢাকা। পত্রটি কারা অধিদপ্তরের ওয়েব সাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো।
৫. প্রশাসনিক কর্মকর্তা-১/২/বাজেট অফিসার/পরিসংখ্যানবিদ/স্টাফ অফিসার/ডেপুটি জেলার (প্রশাসন/উন্নয়ন/আইন), কারা অধিদপ্তর, ঢাকা;
৬. ব্যক্তিগত সহকারী, কারা অধিদপ্তর, ঢাকা। বিষয়টি কারা মহাপরিদর্শক/অতিরিক্ত কারা মহাপরিদর্শক/কারা উপ-মহাপরিদর্শক মহোদয়ের সদয় অবগতির জন্য।
৭. ব্যক্তিগত নথি।